

পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি  
কালিকাপুর, পটুয়াখালী।

স্মারকনং-২৭.১২.৭৮৯৫.৫৪০.০১.০০৮.২২. ২০৪

তারিখ: ১২ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ।  
২৭ আগষ্ট ২০২২ খ্রিস্টাব্দ।


**উন্মুক্ত নিলাম বিজ্ঞপ্তি**

পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতির পরিচালন ও রক্ষণাবেক্ষণ স্টোরে মজুদকৃত ব্যবহার অযোগ্য(যেখানে যে অবস্থায় আছে) মালামাল নিলামে বিক্রয়ের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে পূর্ণ ঠিকানা সম্বলিত সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

নিলাম দরপত্র নং	আইটেম নং	নিলামে বিক্রয়তব্য মালামালের বিবরণ	পরিমাণ	নিলাম দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) বিক্রয়ের সময়সূচী	নিলাম দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী		নিলাম দরপত্র দলিলের মূল্য (টাকা)
					গ্রহণ	খোলা	
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭	০৮
০১/১১/০১/০১/০১	হার্ডওয়্যার	লৌহ/স্টীল জাতীয়	২১৫০৯.২৩ কেজি	২৮/০৮/২০২২ খ্রিঃ তারিখ রবিবার হতে ১১/০৯/২০২২ খ্রিঃ তারিখ রবিবার অফিস চলাকালীন সময় পর্যন্ত।	১২/০৯/২০২২ খ্রিঃ তারিখ সোমবার ১২ টা পর্যন্ত	১২/০৯/২০২২ খ্রিঃ তারিখ সোমবার দুপুর ১২:০৫ টায়।	১,০০০.০০
	জে-১/জে-১৬	১-ফেজ মিটার (এনালগ)	৭৮৮৬ টি				
	জে-৩৯	১-ফেজ মিটার (ডিজিটাল)	৩৫৫১টি				
	জে-২	৩-ফেজ মিটার(ডিজিটাল)	৩৩ টি				
	জে-৩/জে-৪	৩-ফেজ মিটার (ডিজিটাল)	৩৬ টি				
	জি-১২/জি-১৫	সিটি/পিটি	০২ টি				
	জি-২৩/জিএস-১/জিএস-৩	সিটি/পিটি	০৮ টি				

**শর্তাবলী:**

- আগ্রহী দরদাতাগণ অফিস চলাকালীন সময়ে উল্লিখিত ঠিকানা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন এবং দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিসের ওয়েব সাইট [www.pbs.patuakhali.gov.bd](http://www.pbs.patuakhali.gov.bd) এবং বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর [WEB:www.reb.gov.bd](http://WEB:www.reb.gov.bd) -এ দেখতে পারবেন।
- আগ্রহী নিলাম দরদাতাগণ পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি-এর অনুকূলে যে কোন তফসীলী ব্যাংক হতে উপযুক্ত ছকে উল্লিখিত ০৮ (আট) নং কলামে বর্ণিত পরিমাণ টাকা (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (ডিডি) সংযুক্ত করে পটুয়াখালী পবিস-এর জেনারেল ম্যানেজার বরাবরে নিজস্ব লেটার হেড প্যাড অথবা সাদা কাগজে আবেদনের মাধ্যমে (ক) পটুয়াখালী পবিস এর সদর দপ্তর, কালিকাপুর, পটুয়াখালী অথবা (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃপঃ (দঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, সদর দপ্তর, ১০ম তলা, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা হতে নিলাম দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ার যোগে কোন নিলাম দরপত্র দলিল প্রেরণ করা হবে না।
- নিলাম দরপত্র দাখিলের সময় প্রতিটি দরপত্রের সাথে পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি, কালিকাপুর, পটুয়াখালী এর অনুকূলে যে কোন তফসীলী ব্যাংক হতে দরপত্র দলিলের ০৫ পৃষ্ঠায় উদ্ধৃত নিলাম মূল্যের জন্য আর্নেস্ট মানি হিসেবে ২৫% (পঁচিশ শতাংশ) সমমূল্যের পে-অর্ডার/ডিম্যান্ড ড্রাফট নিলাম দরপত্র জামানত হিসেবে ০৪ পৃষ্ঠায় সংযুক্ত করে নিলাম দরপত্র দলিল প্রস্তুত করতে হবে। ৫ নং কলামে বর্ণিত সময়সূচী অনুযায়ী পবিসের সদর দপ্তর অথবা পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃপঃ (দঃ অঃ) পরিদপ্তর দপ্তর, বাপবিবোর্ড, খিলক্ষেত, ঢাকা হতে নিলাম দরপত্র দলিল ক্রয় করে নিলাম দরদাতাগণ ওপরে বর্ণিত সময়সূচী অনুযায়ী নিলাম দরপত্র দাখিল করতে পারবেন। দরপত্র খামের ওপরে নিলামতব্য মালামালের নাম স্পষ্ট অক্ষরে লিখতে হবে। নিলাম দরপত্র সমূহ বর্ণিত সময়ে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।
- নিলামে অংশ গ্রহণকারী দরদাতাদের মধ্যে সর্বোচ্চ ও রেসপনসিভ নিলাম দরদাতাকে পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক নিলামতব্য মালামাল গ্রহণের জন্য কার্যাদেশ প্রদান করা হবে। কার্যাদেশে অবশ্যই নিলাম দরদাতা কর্তৃক উদ্ধৃত মোট মূল্যের সাথে সরকারি নিয়মানুযায়ী প্রযোজ্য আয়কর ও ভ্যাট যোগ করে সর্বমোট অর্থ হিসাব করে কার্যাদেশ প্রদান করা হবে। উক্ত অর্থ নিলাম দরদাতা কর্তৃক নগদে অথবা পে-অর্ডার/ডিম্যান্ড ড্রাফট এর মাধ্যমে পরিশোধ করতে পারবেন।
- দরপত্র সম্পর্কে কারও কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে, তা নিলাম দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে নিম্নের ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।
- পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষ সর্বোচ্চ দরদাতার দর গ্রহণযোগ্য মনে না করলে বা কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন নিলাম দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

  
জেনারেল ম্যানেজার  
পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি  
টেলিফোন নং-০২৪৭৮৮৮০৫২০